



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট

১২৫/এ, এ ডব্লিউ চৌধুরী রোড, দারুস সালাম, ঢাকা-১২১৬।



সংখ্যা : ১৫.৫৫.০০০০.০০২.২৫.১৮৪.২২. ২০৬৬

০২ ভাদ্র ১৪২৯  
২৭ আগস্ট ২০২২

## প্রশিক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

# English News Presentation প্রশিক্ষণ পাঠ্যধারা

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আগামী ১৮ সেপ্টেম্বর থেকে ৬ অক্টোবর ২০২২ পর্যন্ত ৩ (তিন) সপ্তাহব্যাপী English News Presentation প্রশিক্ষণ পাঠ্যধারা পরিচালনা করতে যাচ্ছে। এ পাঠ্যধারায় সংবাদ উপস্থাপনা সম্পর্কিত প্রয়োজনীয় বিভিন্ন বিষয় অন্তর্ভুক্ত থাকবে।

প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণের জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীদের অবশ্যই স্নাতক পাস হতে হবে। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট থেকে ৳ ২০০/- (টাকা দুইশত) মাত্র নির্ধারিত ফি দিয়ে আবেদনপত্র সংগ্রহ করতে হবে।

আগামী ২১ আগস্ট ২০২২ থেকে প্রতিদিন অফিস চলাকালীন আবেদনপত্র সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত রঙিন ছবি, স্নাতক পাসের সার্টিফিকেটের সত্যায়িত কপি এবং জাতীয় পরিচয় পত্র জমা দিতে হবে। ইনস্টিটিউটের ওয়েবসাইটে [www.nimc.gov.bd](http://www.nimc.gov.bd)-তে সরাসরি আবেদন করা যাবে। সেক্ষেত্রে সাক্ষাৎকারের দিন ফি জমা দিয়ে বাছাই পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ৮ সেপ্টেম্বর ২০২২ বৃহস্পতিবার। সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। বাছাই পরীক্ষা ১১ সেপ্টেম্বর ২০২২ তারিখ সকাল ১০:৩০ মিনিটে অনুষ্ঠিত হবে। এজন্য পৃথক কোনো পত্র দেয়া হবে না। বাছাই পরীক্ষার পর নির্বাচিত প্রশিক্ষণার্থীদের নামের তালিকা ১২ সেপ্টেম্বর ২০২২ তারিখ ইনস্টিটিউটের ওয়েবসাইট ও নোটিস বোর্ডে দেয়া হবে।

মনোনীত প্রার্থীদের কোর্স ফি বাবদ ৳ ৩,০০০/= (তিন হাজার) টাকা মাত্র ১৫ সেপ্টেম্বর ২০২২ তারিখে “মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট”-এর অনুকূলে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট-এর মাধ্যমে জমা দিতে হবে।

প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

17.08.22

নাহিদ নাজ

আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক  
(সংযুক্তিতে কর্মরত)

ও

পাঠ্যধারা পরিচালক

ফোন: ০২৭২০২৫৫৮৩৭